দৈনিক
ইত্তেফাক

তারিখ ১৪ JAN 2018
পৃষ্ঠা ১ কলাম ৫

# শীতে অসুস্থ হয়ে পড়ছেন অনশনরত মাদ্রাসা শিক্ষকরা

■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয়করণের দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে আমরণ অনশনের পঞ্চম দিন গতকাল শনিবার ১৮ জন শিক্ষক অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। কেউ কেউ স্যালাইন নিয়েই অনশন করছেন। অসুস্থদের অধিকাংশই অতিরিক্ত শীতে নিউমোনিয়ায় আক্রান্ত হচ্ছেন বলে জানিয়েছেন শিক্ষকরা। গতকাল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের উপস্থিতি আরো বেড়েছে। ৫ দিনে সব মিলিয়ে এ পর্যন্ত ১৪৫ জন শিক্ষক অসুস্থ হয়েছেন।

বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক পৃষ্ঠা ৪ কলাম ৩

# শীতে অসুস্থ হয়ে

প্রথম পৃষ্ঠার পর

সমিতির মহাসচিব কাজী মোখলেসুর রহমান জানান, কনকনে শীতে টানা আট দিন অবস্থান ধর্মঘট পালন করছি। গত মঙ্গলবার থেকে শুরু হওয়া আমরণ অনশনে গতকাল সন্ধ্যা পর্যন্ত ১৪৫ জন অসুস্থ হয়ে পড়েন।

অনশনরত শিক্ষকরা বলছেন, ইবতেদায়ী মাদ্রাসার সব কার্যক্রম প্রাথমিক বিদ্যালয়ের মতো হলেও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা বেতন-ভাতা পেলেও ইবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা তেমন কিছুই পান না।

## জাতীয়করণের দাবিতে শিক্ষকদের অবস্থান ধর্মঘট

অন্যদিকে জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান ধর্মঘটে রয়েছেন বেসরকারি স্কুল কলেজের শিক্ষকরা। জাতীয়করণের দাবিতে পাঁচটি শিক্ষক সংগঠনের জোট বেসরকারি শিক্ষা জাতীয়করণ লিয়াজোঁ ফোরামের ব্যানারে গত বুধবার থেকে খোলা আকাশের নিচে অবস্থান করছেন।

শিক্ষা জাতীয়করণ লিয়াজোঁ ফোরামের নেতা নজরুল ইসলাম রনি জানান, প্রচণ্ড শীতে শনিবার ২৬ জন শিক্ষক অসুস্থ হয়ে পড়েন। তাদেরকে বিভিন্ন মেডিক্যালে ভর্তি করা হয়েছে। তিনি বলেন, জাতীয়করণের দাবিতে আজ পর্যন্ত ধর্মঘট অব্যাহত থাকবে। এর পর অনশন কর্মসূচি শুরু হবে।

শিক্ষকদের এই আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করে বক্তব্য রাখেন গণফোরামের সাধারণ সম্পাদক মোস্তফা মহসিন মন্টু। বিকালে নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না শিক্ষকদের দাবির প্রতি সংহতি জানিয়ে বক্তব্য রাখেন। গতকাল অবস্থান কর্মসূচির বিভিন্ন পর্যায়ে বক্তব্য রাখেন মো. আবুল বাসার হাওলাদার, মো. নজরুল ইসলাম রনি, মো. জসিম উদ্দীন, অধ্যক্ষ নুরুল ইসলাম, সাইদুল হাসান সেলিম প্রমুখ।